

সংবাদ বিবৃতি

পুলিশের গড়িমসির সুযোগে পালিয়ে গেলেন ওসি মোয়াজ্জেম :
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র তীব্র নিন্দা, দ্রুততার সাথে
শ্রেফতার এবং পুলিশের ভূমিকা খতিয়ে দেখতে বিচার বিভাগীয় তদন্তের দাবি

[ঢাকা, ১১ জুন ২০১৯] মাদ্রাসা ছাত্রী নুসরাত হত্যার ঘটনায় দায়িত্বের চূড়ান্ত অবহেলার জন্য সমালোচিত সোনাগাজী থানার তৎকালীন ভারপ্রাপ্ত কর্মকর্তা মোয়াজ্জেম হোসেন শ্রেফতার এড়িয়ে পালিয়ে যাওয়ার ঘটনায় এইচআরএফবি তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ জানাচ্ছে। পাশাপাশি শ্রেফতারি পরোয়ানা নিয়ে পুলিশ প্রশাসনের নানা টালবাহানায় এইচআরএফবি ক্ষুব্ধ। এইচআরএফবি মনে করে, পুলিশের এমন আচরণ অপেশাদার মনোভাবের বহিঃপ্রকাশ।

অভিযোগ করা হচ্ছে যে, ফেনীর সোনাগাজী ইসলামিয়া ফাজিল মাদ্রাসার ছাত্রী নুসরাত জাহান তার মাদ্রাসার অধ্যক্ষ সিরাজ উদ দৌলার বিরুদ্ধে অভিযোগ জানাতে সোনাগাজী থানায় গেলে থানার তৎকালীন ওসি মোয়াজ্জেম হোসেন সে সময় নুসরাতকে নানা আপত্তিকর প্রশ্ন করে বিব্রত করার চেষ্টা করে এবং তা ভিডিও করে ইন্টারনেটে ছড়িয়ে দেন। এ ঘটনায় তার বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা হয়। এ মামলায় গত ২৭ মে আদালত তার বিরুদ্ধে শ্রেফতারি পরোয়ানা জারি করলেও পুলিশ প্রশাসনের নানা গড়িমসির সুযোগে মোয়াজ্জেম হোসেন পালিয়ে যায়। পুলিশ এখন পর্যন্ত তার কোনো সন্ধান পায়নি যা আমাদের কাছে অত্যন্ত বিস্ময়কর ঠেকছে।

এইচআরএফবি মোয়াজ্জেম হোসেনকে দ্রুততার সাথে শ্রেফতার করার এবং এ ঘটনায় পুলিশ প্রশাসনের সংশ্লিষ্টদের ভূমিকা খতিয়ে দেখার জন্য একটি স্বাধীন বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন করার দাবী জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women Disabilities Development Foundation (WDDF).